

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সংগ্রহ বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৮.০৭.০২৪.২৩ নথির বিষয়: ঢাকা ওয়াসার এফ এম বিভাগ-২ এর জন্য ভেরিয়েবল ফ্রিকুয়েন্সি ড্রাইভ (ভিএফডি) এর বিভিন্ন খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করণ প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: ঢাকা ওয়াসার এফ এম বিভাগ-২ এর জন্য ভেরিয়েবল ফ্রিকুয়েন্সি ড্রাইভ (ভিএফডি) এর বিভিন্ন খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করণ প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৫/৯/২৩ ৬:৪৩ অপরাহ্ন

সংযুক্তি নং-১ হতে ৬ দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার এফ. এম. বিভাগ-২ এর আওতাধীন এলাকায় ৫৩৪ টি গভীর নলকূপ চালু আছে এবং প্রতিনিয়ত এই সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। উল্লিখিত গভীর নলকূপগুলোর আধুনিক ও বিদ্যুত সশ্রয়ী রক্ষণাবেক্ষণের জন্য ৯০ কিলোওয়াট ভেরিয়েবল ফ্রিকুয়েন্সি ড্রাইভ (ভিএপিডি) প্রয়োজন হয়। সেইপ্রেক্ষিতে বিভিন্ন সময়ে সংগ্রহ বিভাগ কর্তৃক সংগ্রহীত ভিএফডি উল্লেখিত পাম্প সমূহে স্থাপন করা হয়েছে। ভিএফডি সমূহ হতে নিরবচ্ছিন্ন সেবা প্রাপ্তির লক্ষ্যে নিয়মিত সার্ভিসিং করতে হয়। স্থাপনকৃত বেশির ভাগ ভিএফডি সমূহের ওয়ারেন্টি পিরিয়ড সমাপ্ত হয়ে গিয়েছে। বিধায় উক্ত ভিএফডি সমূহ রক্ষণাবেক্ষণ কাজের জন্য এফ এম বিভাগ-২ এর ভেরিয়েবল ফ্রিকুয়েন্সি ড্রাইভ (ভিএফডি) এর বিভিন্ন খুচরা যন্ত্রাংশের চাহিদা সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সফটওয়্যার এর মাধ্যমে প্রেরণ করেছেন (স: ক্র: নং:-১)

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৫/৯/২৩ ৬:৪৪ অপরাহ্ন

এফ. এম. বিভাগ-২ এর চাহিদার প্রেক্ষিতে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করতঃ এফ এম বিভাগ-২ এর ভেরিয়েবল ফ্রিকুয়েন্সি ড্রাইভ (ভিএফডি) এর বিভিন্ন খুচরা যন্ত্রাংশ সংগ্রহের উদ্দ্যোগ গ্রহন করা হয়েছে। ঢাকা ওয়াসা একটি জরুরী সেবামূলক সংস্থা হওয়ায় এফ.এম বিভাগ কর্তৃক ভিএফডি এর সমস্যা পাওয়া মাত্র তা সমাধান ও ভিএফডি সমূহের কার্যকাল বা স্থায়ীত্ব রক্ষায় প্রয়োজনীয় পরিমাণ স্পেয়ার পার্টস মজুদ রাখা প্রয়োজন। সেই প্রেক্ষিতে ব্যবহারকারী বিভাগের চাহিদার প্রেক্ষিতে সংগ্রহ বিভাগ-২ এ প্রদত্ত চাহিদার আলোকে অত্র বিভাগ প্রয়োজনীয় মালামাল সমূহ সংগ্রহ করে থাকে। সেই মোতাবেক এফ.এম বিভাগ হতে প্রাপ্ত জরুরী চাহিদার প্রেক্ষিতে সংযুক্ত চাহিদাপত্র অনুযায়ী ক্রয়ের জরুরী উদ্দ্যোগ গ্রহণ করা হয়েছে (তালিকা সংযুক্ত-১)। সংগ্রহকৃত মালামালের গুণগত মান নিশ্চিত করনের লক্ষ্যে সংগ্রহ বিভাগ-২ এ সংরক্ষিত ভিএফডি এর প্রতিটি আইটেমের জন্য একটি করে নমুনা সংরক্ষিত আছে। দরপত্রের শর্তে, দরদাতাগন সংগ্রহ বিভাগ-২ এ সংরক্ষিত নমুনা অনুযায়ী মালামাল সরবরাহ করবেন মর্মে শর্ত উল্লেখ রাখা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৫/৯/২৩ ৬:৪৪ অপরাহ্ন

এফ.এম বিভাগ হতে প্রাপ্ত চাহিদার প্রেক্ষিতে ভিএফডি এর বিভিন্ন প্রকার খুচরা যন্ত্রাংশ সংগ্রহের লক্ষ্যে ০৪(চার)টি সরবরাহকারী প্রতিষ্ঠানকে দর প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয় (সংযুক্তি নং-৪)। সেইপ্রেক্ষিতে ০৪(চার)টি সরবরাহকারী প্রতিষ্ঠান হতে দর পাওয়া গিয়েছে (সংযুক্তি নং-৫)। সংগৃহীত দরের মধ্য হতে সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে (সংযুক্তি নং-৬ দঃ)। প্রাক্কলিত ব্যয় টাঃ ১,২৪,১৮,৪০০.০০ (এক কোটি চব্বিশ লক্ষ আঠারো হাজার চারশত টাকা মাত্র) টাকা। আলোচ্য সংগ্রহ কাজের ব্যয়ভার সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের কর্ম- পরিকল্পনার “ভিএফডি ক্রয়” খাত এর ক্রমিক নং-০৯ এ অন্তর্ভুক্ত রয়েছে (সংযুক্তি নং-২)। সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুযায়ী Open Tendering Method (OTM) পদ্ধতিতে সম্পাদন করা যেতে পারে। DoFP অনুযায়ী আলোচ্য কাজের অনুমোদনকারী কর্তৃপক্ষ ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২৫/৯/২৩ ৬:৪৮ অপরাহ্ন

আলোচ্য সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরণ পূর্বক e-GP System এ Open Tendering Method (OTM) পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। সংগ্রহ কাজটির দরপত্র দলিল CPTU প্রণীত STD (PG-3) অনুসরণ পূর্বক প্রণয়ন করা হবে। এছাড়া STD এর ITT 1-1 তে Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA রাখা হয়েছে। উক্ত দরপত্র দলিলের STD অংশের সরবরাহকারীর যোগ্যতার প্যারায় ITT 15.1 তে সার্বিক ক্রয় কাজের অভিজ্ঞতা (Overall Supply Experience) ৫ বৎসর এবং ITT 15.1(b) এ সমপ্রকৃতির কাজের অভিজ্ঞতা (Similar Supply Experience) গত ৩ বৎসরের ২ টি কাজে মোট ১৯০ লক্ষ টাকা রাখা যেতে পারে। সরবরাহকারীর Financial Criteria হিসাবে ITT 16.1(a) তে ১১০ লক্ষ টাকা রাখা যেতে পারে। আলোচ্য সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আবেদন, চুক্তি সম্পাদন ও চুক্তিবাস্তবায়ন কাজ সমূহ হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তিসমূহ (৬):

- ১। এফ এম বিভাগ-২ হতে প্রাপ্ত চাহিদা ও স্পেসিফিকেশন।
- ২। সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনার কপি।
- ৩। সংগ্রহ বিভাগ-২ হতে প্রস্তুতকৃত স্পেসিফিকেশন।
- ৪। দর প্রদানের জন্য প্রেরিত পত্র।
- ৫। বিভিন্ন সরবরাহকারীর নিকট হতে প্রাপ্ত দর।
- ৬। আলোচ্য সংগ্রহ কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ২৫/৯/২৩ ৬:৪৯ অপরাহ্ন


এমতাবস্থায়, উপরোক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ এর বর্ণনার আলোকে ঢাকা ওয়াসার এফ.এম বিভাগের জন্য ভিএফডি এর খুচরা যন্ত্রাংশ সংগ্রহের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারে:-

ক) উপস্থাপিত সংগ্রহ কাজে টাঃ ১,২৪,১৮,৪০০.০০ (এক কোটি চব্বিশ লক্ষ আঠারো হাজার চারশত টাকা মাত্র) টাকার প্রাক্কলন অনুমোদন।


খ) সংগ্রহ কাজটির ব্যয়ভার সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের কর্ম-পরিকল্পনার “ভিএফডি ক্রয়” খাত এর ক্রমিক নং-০৯ হতে ব্যয় নির্বাহের অনুমোদন।

গ) সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুযায়ী Open Tendering Method (OTM) পদ্ধতিতে বাস্তবায়ন এর অনুমোদন।

ঘ) সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।




২৫/৯/২৩ ৬:৪৯ অপরাহ্ন
মোঃ রবিন হাসান
উপ-সহকারী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২




২৬/৯/২৩ ২:২৫ অপরাহ্ন
মোঃ মনিরুজ্জামান
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সংগ্রহ বিভাগ-২



২৬/৯/২৩ ২:৫৯ অপরাহ্ন
মোঃ জয়নাল আবদীন
নির্বাহী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২



২৬/৯/২৩ ৫:৫৮ অপরাহ্ন
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল



২৭/৯/২৩ ৫:৩৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

২৭/৯/২৩ ৫:৩৬ অপরাহ্ন

এ. কে. এম. সহিদ উদ্দিন

উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড
এম)

উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
এর দপ্তর

অনুচ্ছেদ ১.৫ - তারিখ: ২৮/৯/২৩ ৮:০৮ পূর্বাহ্ন

Forwarded for the approval of note 1.4.



২৮/৯/২৩ ৮:০৮ পূর্বাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড
এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
এর দপ্তর

২৮/৯/২৩ ৮:০৮ পূর্বাহ্ন

প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১.৬ - তারিখ: ২৬/১০/২৩ ৬:১১ পূর্বাহ্ন

Please Speak



২৭/১০/২৩ ৮:৩৯ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

২৭/১০/২৩ ৮:৩৯ অপরাহ্ন

মোঃ জয়নাল আবদীন
নির্বাহী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২

ঢাকা ওয়াসা

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ২৯/১০/২৩ ৮:০১ অপরাহ্ন

অনুচ্ছেদ নং ১.৬ এর আলোকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সহিত আলোচনা হয়েছে। আলোচনা মোতাবেক ঢাকা ওয়াসার এফ এম বিভাগ-২ এর জন্য ভেরিয়েবল ফ্রিকুয়েন্সি ড্রাইভ (ভিএফডি) এর বিভিন্ন যন্ত্রাংশ সংগ্রহ কাজের প্রাক্কলনটির একক মূল্য ১০% হ্রাস করে Revised প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। Revised প্রাক্কলনে আলোচ্য সংগ্রহ কাজের ব্যয় দাড়িয়েছে ১,১১,৭৮,০৬০/- (এক কোটি এগারো লক্ষ আটাত্তর হাজার ষাট টাকা মাত্র)।

সংযুক্তিসমূহ (১):

১। VFD Revised Estimate.pdf

অনুচ্ছেদ ১.৮ - তারিখঃ ২৯/১০/২৩ ৮:১০ অপরাহ্ন


এমতাবস্থায়, উপরোক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.৮ এর বর্ণনার আলোকে ঢাকা ওয়াসার এফ.এম বিভাগের জন্য ভিএফডি এর যন্ত্রাংশ সংগ্রহের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারেঃ-

ক) উপস্থাপিত সংগ্রহ কাজে টাঃ ১,১১,৭৮,০৬০.০০ (এক কোটি এগারো লক্ষ আটাত্তর হাজার ষাট টাকা মাত্র) টাকার প্রাক্কলন অনুমোদন।

(খ) সংগ্রহ কাজটির ব্যয়ভার সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের কর্ম-পরিকল্পনার “ভিএফডি ক্রয়” খাত এর ক্রমিক নং-০৯ হতে ব্যয় নির্বাহের অনুমোদন।

গ) সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুযায়ী Open Tendering Method (OTM) পদ্ধতিতে বাস্তবায়ন এর অনুমোদন।

ঘ) সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

			
২৯/১০/২৩ ৮:১১ অপরাহ্ন মোঃ জয়নাল আবদীন নির্বাহী প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২	৩০/১০/২৩ ১২:২৮ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল	১/১১/২৩ ৫:৫৫ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১/১১/২৩ ৫:৫৫ পূর্বাহ্ন এ. কে. এম. সাহিদ উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) এর দপ্তর


অনুচ্ছেদ ১.৯ - তারিখঃ ১/১১/২৩ ১২:০৫ অপরাহ্ন

Forwarded for the approval of note 1.8.

	
১/১১/২৩ ১২:০৫ অপরাহ্ন এ. কে. এম. সাহিদ উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) এর দপ্তর	১/১১/২৩ ১২:০৫ অপরাহ্ন প্রকৌশলী তাকসিম এ খান ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১.১০ - তারিখঃ ২/১১/২৩ ৮:২৭ পূর্বাহ্ন

Okay. But please speak before execution

		
২/১১/২৩ ৮:২৭ পূর্বাহ্ন প্রকৌশলী তাকসিম এ খান ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর	২/১১/২৩ ৮:২৭ পূর্বাহ্ন প্রকৌশলী তাকসিম এ খান ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর	২/১১/২৩ ৮:২৭ পূর্বাহ্ন প্রকৌশলী তাকসিম এ খান ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর
		
৫/১১/২৩ ৯:৫১ পূর্বাহ্ন মোঃ জয়নাল আবদীন নির্বাহী প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২	৫/১১/২৩ ১:৩৭ অপরাহ্ন মোঃ মনিরুজ্জামান সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সংগ্রহ বিভাগ-২	৫/১১/২৩ ১:৩৭ অপরাহ্ন মোঃ রবিন হাসান উপ-সহকারী প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২